# পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ৫ বছরের মধ্যে সর্বনিম্ন বরাদ্দ

## ফি বাড়িয়ে আয় সংস্থানের প্রস্তাব অর্থমন্ত্রীর

**কাগজ প্রতিবেদক** : জাতীয় বাজেটে এ বছর পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে গত ৫ বছরের মধ্যে সর্বনিম্ন বরাদ্দ দেওয়া হয়েছে। ২০০২-০৩ অর্থবছরে ৫৭ হাজার ৭৮০ কোটি টাকার বাজেটে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে বাজেটের শতকরা শূন্য দশমিক ৬৯ ভাগ অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে, যা বিগত বছরগুলোর তুলনায় সর্বনিম্ন।

এদিকে অর্থমন্ত্রী এম সাইফুর রহমান পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোকে সিট ভাড়া, টিউশন ফি প্রভৃতি বৃদ্ধির মাধ্যমে নিজস্ব আয়ের উৎস বৃদ্ধির প্রস্তাব দিয়েছেন।

বিগত ৫ অর্থবছরে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে অর্থ বরাদ্দ বাড়ানো হলেও এবারই প্রথম এ খাতে বাজেটে অর্থ বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। ১৯৯৮-৯৯ অর্থবছরে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য মোট বাজেটের শূন্য দশমিক ৭২ ভাগ বরাদ্দ দেওয়া হয়। ২০০১-০২ অর্থবছরে এ খাতে বরাদ্দ দেওয়া হয় মোট বাজেটের শূন্য দশমিক ৭৬ ভাগ।

বাজেটে শিক্ষাখাতে প্রদত্ত বরাদ্দ থেকে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য দেওয়া অর্থের পরিমাণও এবার সর্বনিম্ন পর্যায়ে। চলতি অর্থবছরে শিক্ষাখাতে প্রদত্ত মোট বরাদ্দের ৫ দশমিক ৮৫ ভাগ বরাদ্দ রাখা হয়েছে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য।

২০০১-০২ অর্থবছরে এই বরাদ্দের পরিমাণ ছিল ৬ দশমিক ৬ ভাগ, ২০০০-০১ অর্থবছরে বরাদ্দ ছিল ৬ দশমিক ৫৪ ভাগ, ৯৯-০০ অর্থবছরে ছিল ৬ দশমিক ৭৭ ভাগ এবং ৯৮-৯৯ অর্থবছরে বরাদ্দ ছিল ৬ দশমিক ৫৫ ভাগ।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের গতকাল প্রকাশিত এক রিপোর্টে এ তথ্য জানা যায়। রিপোর্টে বলা হয়েছে, ৯৫-৯৬ অর্থবছর থেকে ২০০১-০২ অর্থবছর পর্যন্ত আটটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতির পরিমাণ ৫১ কোটি ২৭ লাখ টাকা।

এর মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ঘাটতির পরিমাণ ১৮ কোটি [illegible] ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১১ কোটি ১৩ লাখ টাকা, ইসলামী

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

## পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ৫

● শেষের পাতার পর বিশ্ববিদ্যালয়ে ৬ কোটি ৩৮ লাখ টাকা, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫ কোটি ৩৯ লাখ টাকা, বুয়েটে ৩ কোটি ২ লাখ টাকা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২ কোটি ৬২ লাখ টাকা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২ কোটি ৫৬ লাখ টাকা এবং শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ১ কোটি ৮৭ লাখ টাকা। মঞ্জুরি কমিশনের গতকালের সভায় বলা হয়, স্বয়ং মঞ্জুরি কমিশনেরই ১ কোটি টাকার ওপরে বাজেট ঘাটতি রয়েছে। সভায় কমিশনের সদস্য এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এদিকে মঞ্জুরি কমিশনের কর্মকর্তাদের সঙ্গে বুধবার অনুষ্ঠিত এক বৈঠকে অর্থমন্ত্রী সাইফুর রহমান বিশ্ববিদ্যালয়গুলোতে বেতন, সিট ভাড়া বৃদ্ধি করে বিশ্ববিদ্যালয়গুলোর আয় বৃদ্ধির কথা বলেছেন। রুদ্ধদ্বার বৈঠকে অর্থমন্ত্রী বিশ্ববিদ্যালয়গুলোর স্বল্প বেতন প্রসঙ্গে হতাশা ব্যক্ত করে বলেন, বছরের পর বছর বিশ্ববিদ্যালয়গুলোতে টিউশন ফি ১২ টাকা রয়েছে — এটা চলতে পারে না।

সভায় কমিশনের সভাপতি অধ্যাপক এটিএম জহুরুল হক্সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।